গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
গাইবান্ধা।
http://food.gaibandha.gov.bd
www.dgfood.gov.bd

"উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধরণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অকেজো/ভাংচুর দ্রব্যাদি নিষ্পত্তি সংক্রান্ত গঠিত দরপত্র কমিটির অধীনে গাইবান্ধা জেলার ১১ (এগার) টি এলএসডি'তে রক্ষিত লোহার পাত, হেসিয়ান, ত্রিপল, জিপিসীট, ওয়েমেন্ট মেশিন, সেপারেটর, স্টীলের আলমারী, কাঠের টেবিল, কাঠের টেবিল, তালা চাবি, সেলিং ফ্যান, সিলিন্ডার ইত্যাদি যেখানে যে অবস্থায় আছে সেখানে সে অবস্থায় দরপত্রের মাধ্যমে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ০৬-০৪-২০১৬ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা দপ্তরের দরপত্র বাক্সে গৃহীত হবে এবং ০৬-০৪-২০১৬ খ্রিঃ তারিখ বিকেল ৪:০০ ঘঃ দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র কমিটির মাধ্যমে দরপত্র খোলা হবে। উল্লেখ্য, দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্রের সর্বমোট উর্দ্ধত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) আর্নেষ্ট মানি যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা করতে হবে। আর্নেষ্ট মানি ব্যতিত কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১।	কাজের নাম	ঃ	গাইবান্ধা জেলার ১১(এগার) টি এলএসডি'তে রক্ষিত লোহার পাত, হেসিয়ান, ত্রিপল, জিপিসীট, ওয়েমেন্ট মেশিন, সেপারেটর, স্টীলের আলমারী, কাঠের টেবিল, কাঠের টেবিল, তালা চাবি, সেলিং ফ্যান, সিলিন্ডার ইত্যাদি দরপত্রের মাধ্যমে বিক্রয়।
২।	দরপত্র দাখিল	ঃ	অজেজো মালামাল ক্রয়ের জন্য লট ভিত্তিক পৃথকভাবে সিডিউল ক্রয় পূর্বক দরপত্র দাখিল করতে হবে।
৩।	বায়নার টাকা/আর্নেষ্ট মানি	ঃ	লট ভিত্তিক উদ্ধৃত মূল্যের ১০%।
৪।	অপসারণের সময়সীমা	ঃ	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫(পনের) দিন।
৫।	দরপত্র সংগ্রহের নিয়মাবলী	ঃ	দরপত্র ক্রয়ের জন্য প্রতিসেট দরপত্রের মূল্য ১০০/- টাকা (অফেরতযোগ্য) হিসাবে জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা দপ্তর হতে কোড নং-১/৪৮৩১/০০০১/২৩৬৬ খাতে ট্রেজারী চালান পাশ করে চালান মূলে সোনালী ব্যাংকে টাকা জমাদান পূর্বক আগামী ০৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর হতে অফিস চলাকালীন দরপত্র সংগ্রহ করা যাবে।
৬।	দরদাতার যোগ্যতা	ঃ	খাদ্য অধিদপ্তর ও অন্যান্য সরকারি/বেসরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার তালিকা ভুক্ত সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ফার্ম/ব্যবসায়ী ও আগ্রহী ব্যক্তিবর্গ।
৭।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	ঃ	০৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৮।	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	ঃ	০৬-০৪-২০১৬ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত।
৯।	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	০৬-০৪-২০১৬ খ্রিঃ তরিখ বিকাল ৪.০০ ঘটিকা।

১০। দরপত্র দাতাকে একটি লটের সমুদয় আইটেমের জন্য একটিমাত্র দর (মোট দর) অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১১। দরপত্র ক্রয়ের চালানের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২। দরপত্রের শর্তাবলী, দরপত্র বিক্রয় ও গ্রহণকারী অফিস হতে ০৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দেখতে ও নির্ধারিত মূল্যে দরপত্র ক্রয় করতে পারবেন। উল্লেখ্য দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না।

১৩। দরপত্রে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ আগামী ০৫-০৪-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বেলা ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত বিক্রয়যোগ্য মালামাল সংশ্লিষ্ট খাদ্য গুদাম কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) দেখতে পারবেন।

১৪। দরপত্র কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। দরপত্রদাতা দরপত্রে বর্ণিত পরিমাণ মালামাল যে অবস্থায় পাওয়া যাবে সে পরিমাণ মালামাল দরপত্র দাখিলে উল্লেখ বা প্রদত্ত দরে গ্রহণ করতে বাধ্য থাকবেন।

১৬। দরপত্রে উল্লিখিত মালামালের গুণগতমান নিয়ে দরপত্র গ্রহণের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হব না।

১৭। কার্যাদেশ প্রদানের পর দরপত্রদাতা নির্ধারিত সময়ের মধ্যে সকল মালামাল এলএসডি চত্বর হতে ১৫(পনের) দিনের মধ্যে অপসারণে বাধ্য থাকবেন। অন্যথায় দরপত্র দাতার কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য হবেন।

১৮। কার্যাদেশ প্রদানের ৭(সাত) দিনের মধ্যে নিলামকৃত সকল মালামালের মূল্য উদ্ধৃত দর অনুযায়ী ট্রেজারী চালান এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র দাতার কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবেন।

১৯। দরপত্রে উল্লিখিত মালামালের সমুদয় মূল্য সরকারি বিধি মোতাবেক পরিশোধ না করে কোন মালামাল গুদাম চত্বর হতে অপসারণ করা যাবে না।

২০। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরদাতা কর্তৃক সীলমোহর এবং স্বাক্ষর করতে হবে।

২১। দরপত্রকৃত মালামালের সমূদয় মূল্য পরিশোধ করে দরপত্রকৃত মালামাল অপসারণ কাজ সমাপ্ত করার পর আর্নেষ্ট মানির টাকার ফেরত প্রদান করা হবে।

২২। উদ্ধৃত মোট টাকার উপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট এবং আয়কর প্রদান করতে হবে।

২৩। দরপত্রে দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার শর্তমূলক, কাটাকাটি, উপরি লিখন, ঘষামাজা বা অস্পষ্ট দর গ্রহণযোগ্য হবে না।

২৪। দরপত্রে দরপত্র দাতার পূর্ণ নাম ঠিকানা স্বাক্ষর ও তারিখ স্পষ্টভাবে লিখিতে হবে।

২৫। সর্বোচ্চ বৈধ দরদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে সর্বোচ্চ দরপত্রদাতা নির্ধারণ করা হবে।

২৬। দরপত্র দাতাকে দরপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর উল্লেখ করতে হবে।

২৭। সর্বচ্চো দরপত্র দাতা ও ২য় সর্বচ্চো দরপত্র দাতার বায়নার টাকা (আর্নেষ্ট মানি) বাদে অন্যান্য সকল দরপত্র দাতাগণের জামানত দরপত্র কমিটি কর্তৃক চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর বিমুক্ত করা হবে।

২৮। দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্তাবলী ভংগ করা হলে সংশ্লিষ্ট দরপত্র খানা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(মোহাম্মদ আমজাদ হোসেন)
জেলা খাদ্য নিয়ন্ত্রক,
গাইবান্ধা।
ও
সদস্য সচিব
জেলা দরপত্র (অকেজো মালামাল নিষ্পত্তি
সংক্রান্ত) মূল্যায়ন কমিটি, গাইবান্ধা।

স্মারক নং ১৩.০৮.৩২০০.০১৩.৩৬.১৪-৬১০ তারিখ ঃ ০৬ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ / ২০ মার্চ-২০১৬ খ্রিঃ ।

অনুলিপি - সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (সকল), ...খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্রগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর।
৪। সাইলো অধীক্ষক, নারায়নগঞ্জ/আশুগঞ্জ/চট্রগ্রাম/সান্তাহার/স্টিল সাইলো খুলনা।
৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৬। পুলিশ সুপার, গাইবান্ধা।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা ও সদস্য জেলা দরপত্র মূল্যায়ন কমিটি, গাইবান্ধা।
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)..।
৯। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা।
১০। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, গাইবান্ধা।
১১। ম্যানেজার সিএসডি (সকল) ....।
১২। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর/সাঘাট/সাদুল্যাপুর/সুন্দরগঞ্জ/গোবিন্দগঞ্জ/পলাশাড়ী/ফুলছড়ি।
১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)................................, গাইবান্ধা।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) .... এলএসডি, গাইবান্ধা।
১৫। জেলা খাদ্য নিয়ন্ত্রণ দপ্তর, গাইবান্ধা নোটিশ বোর্ড।

জেলা খাদ্য নিয়ন্ত্রক,
গাইবান্ধা।